বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

তারিখ 18 JUL 1988
পৃষ্ঠা 1 কলাম 3

048

এইচএসসি পরীক্ষা

## যশোর বোর্ডে প্রায় ৫ হাজার পরীক্ষার্থী বহিষ্কৃত

যশোর, ১৭ই জুলাই (বাসস)।— যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিভিন্ন কেন্দ্রে অসাধু উপায় এবং অন্যান্য অপরাধের দায়ে প্রায় ৫ হাজার এইচএসসি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

যশোর বোর্ডে

প্রথম পৃষ্ঠার পর

যশোর বিআইএসই-এর চেয়ারম্যান বলেন যে, ৩ হাজার ৩৬৪ জন পরীক্ষার্থী অসাধু উপায় অবলম্বন করেছে বলে তিনি তথ্য পেয়েছেন। এখানে পাওয়া তথ্যে জানা গেছে, বৃহত্তর যশোর জেলায় ৯৪৩ জন, বৃহত্তর খুলনা জেলায় ৮২৪ জন, বৃহত্তর বরিশাল জেলায় ৯৮৮ জন, বৃহত্তর পটুয়াখালী জেলায় ৩৭৩ জন এবং বৃহত্তর কুষ্টিয়া জেলায় ২৫৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

অসাধু তৎপরতা এবং কর্তব্যে অবহেলার জন্য ২৯ জন পরিদর্শককে পরীক্ষা হলে ঢুকতে দেয়া হয়নি। এসব পরিদর্শককে হয়ত বিআইএসআই-এর চেয়ারম্যান অধ্যাপক আবদুস সালাম অথবা জেলা প্রশাসন বহিষ্কার করেছেন।

এর আগে যশোর শিক্ষা বোর্ড তত্ত্বাবধান ও সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য সিনিয়র কলেজ শিক্ষক ও সাংবাদিকদের সমন্বয়ে ১৩টি ভিজিলেন্স টীম গঠন করে। এসব ভিজিলেন্স টীম অধিকাংশ বহিষ্কার করে।